

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৩৮০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৯৯]

১। ঈমান (کتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৮৬. মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার উন্মাহর শাফাআতের জন্য তার বিশেষ দু'আ গোপন (সংরক্ষণ) রেখেছেন

باب اخْتِبَاءِ النَّبِيِّ صلى الله عليه وسلم دَعْوَةَ الشَّفَاعَةِ لأُمَّتِهِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيد، حَدَّثَنَا جَرِيرٌ، عَنْ عُمَارَةَ، _ وَهُوَ ابْنُ الْقَعْقَاعِ _ عَنْ أَبِي زُرْعَةَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " لِكُلِّ نَبِيِّ دَعْوَةٌ مُسْتَجَابَةٌ يَدْعُو بِهَا فَيُسْتَجَابُ لَهُ فَيُؤْتَاهَا وَإِنِّي اخْتَبَأْتُ دَعْوَتِي شَفَاعَةً لأُمَّتِي يَوْمَ الْقِيَامَةِ ".

বাংলা

৩৮০-(৩৩৯/...) কুতাইবাহ ইবনু সাঈদ (রহঃ) আবূ হুরাইরাহ (রাযিঃ) থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, প্রত্যেক নবীকে একটি বিশেষ দু'আর অনুমতি প্রদান করা হয়েছে; এর মাধ্যমে তিনি যে দু'আ করবেন, আল্লাহ তা অবশ্যই কবুল করবেন। সকল নবী তাদের দু'আ করে ফেলেছেন এবং তা কবুলও করা হয়েছে। আর আমি আমার দু'আটি কিয়ামত দিবসে আমার উম্মতের শাফাআতের জন্য গোপনে রেখে দিয়েছি। (ইসলামিক ফাউন্ডেশনঃ ৩৮৮, ইসলামিক সেন্টারঃ ৩৯৯)

English

Chapter: The Prophet (saws) will defer his supplication in order to intercede for his ummah

Abu Huraira said: The Messenger of Allah (ﷺ) said: Every Messenger is endowed with a prayer which is granted and by which he would (pray to his Lord) and it would he granted for him. I have, however, reserved my prayer for the intercession of my Ummab on the Day of Resurrection.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন